যুগান্তর

28 MAR 2017
পৃষ্ঠা … কলাম …

# প্রধানমন্ত্রীর স্বর্ণপদক পেলেন ডুয়েটের ৬ শিক্ষার্থী

**শ্রীপুর (গাজীপুর) প্রতিনিধি**

ঢাকা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) ৬ শিক্ষার্থী 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৩ ও ২০১৪' পেয়েছেন। ২০১৩ সালের জন্য পদকপ্রাপ্তরা হলেন পুরকৌশল বিভাগের মো. মাজহারুল মান্নান, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল' বিভাগের আলমগীর হোসেন (বর্তমানে ডুয়েটর শিক্ষক) এবং যন্ত্রকৌশল বিভাগের শাওন তালুকদার (বর্তমানে ডুয়েটের শিক্ষক)। ২০১৪ সালের জন্য পদকপ্রাপ্তরা হলেন পুরকৌশল বিভাগের মো. রেইনম্যান রাজা (বর্তমানে ডুয়েটের শিক্ষক), টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের আইয়ুব আলী এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ওমর ফারুক।

ডুয়েটের গবেষণা ও সম্প্রসারণ দফতরের সহকারী পরিচালক মোছা. কামরুন নাহার খবরটি নিশ্চিত করে জানান, ২২ মার্চ বুধবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) প্রদত্ত 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০১৩ ও ২০১৪' প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।